



নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড

Northern Electricity Supply Company Limited

(An Enterprise of Bangladesh Power Development Board)

Liaison Office: 166-167, Shaheed Syed Nazrul Islam Sarani, Al-Razi Complex (6th floor), Suit no-604, PuranaPaltan, Dhaka-1000

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

প্রধান কার্যালয়
বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ
রাজশাহী

স্মারক নং-নেসকোলিঃ/ঢাকা/এমডি/২০১৯-১৬

তারিখঃ ১০/০১/২০১৯খ্রিঃ

দপ্তরাদেশ

নেসকো লি: এর নিয়োগ নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় আপনাদেরকে বিধি মোতাবেক নিম্নবর্ণিত শর্তে নির্বাহী প্রকৌশলী পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম
১	১১২০১৮১৬৯	পলাশ চন্দ্র দাস
২	১১২০১৮১৭০	মো: ইয়াসির আরাফাত
৩	১১২০১৮০৪১	মো: মোস্তাফিজুর রহমান ভূইয়ী
৪	১১২০১৮১১৮	এ কে এম শাহাদাত হোসেন
৫	১১২০১৮১৯০	মো: সাইফুল্লাহ রায়হান
৬	১১২০১৮২৫৩	মো: আব্দুল মাজেদ
৭	১১২০১৮২৯৮	কামাল আহমেদ
৮	১১২০১৮১১৫	মো: মোছাদ্দেক কবির
৯	১১২০১৮২৭২	মো: হাবিবুর রহমান
১০	১১২০১৮০০৮	সৈয়দ মাসরুর হোসেন
১১	১১২০১৮২১৫	মো: ইমদাদুল হক
১২	১১২০১৮১১৪	মো: ফজলুর রহমান
১৩	১১২০১৮৩০০	মো: গোলাম মোস্তফা
১৪	১১২০১৮০৭৪	মো: মাহমুদুল হাসান
১৫	১১২০১৮১৬৭	মো: মাহমুদুর রহমান
১৬	১১২০১৮১৪৪	মো: আসাদুর রহমান খান
১৭	১১২০১৮১৬৩	মোহাম্মদ নাফিদ হাসান গালিব
১৮	১১২০১৮২০৭	আব্দুন নুর
১৯	১১২০১৮২০৮	মো: ইউসুফ আলী
২০	১১২০১৮১৯৩	অনিত কুমার রায়

১. নিয়োগ চুক্তির মেয়াদ : ০১ (এক) বছর প্রবেশনারি পিরিয়ডসহ এ নিয়োগ-চুক্তির মেয়াদ ৩ বৎসর।
এই চুক্তির মেয়াদ শর্ত সাপেক্ষে নবায়ন যোগ্য।

২. বেতন: পারিতোষিক ও অন্যান্য সুবিধাদি ,

ক)	মাসিক মূল বেতন	-	৳ ৭৯,০০০.০০ (উনআশি হাজার) টাকা মাত্র।
খ)	বাড়ি ভাড়া ভাতা	-	কোম্পানি আবাসন সুবিধা প্রদান না করলে মূল বেতনের ৬০% টাকা মেট্রো জন্য (রাজশাহী ও রংপুর মেট্রো জন্য ৫০%) এবং অন্যান্য জায়গার জন্য ৪০% হারে বাড়ি ভাড়া পাপ্য।
গ)	মেডিক্যাল ভাতা	-	নেসকোর নীতিমালা অনুসারে।

ঘ)	বোনাস	-	নেসকোর নীতিমালা অনুসারে।
ঙ)	যানবাহন/যানবাহন ভাতা	-	নেসকোর নীতিমালা অনুসারে।
চ)	অন্যান্য সুবিধাদি	-	নেসকোর নীতিমালা অনুসারে গ্রাচুয়েটি এবং অন্যান্য সুবিধাদি প্রযোজ্য যা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে পরিবর্তন যোগ্য।
ছ)	আয়কর	-	কর্মকর্তাকে পরিশোধ করতে হবে।

৩.	টারমিনেশন/চাকুরিচ্যুতি/ চাকরির অবসান	:	কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ০৩(তিন) মাসের অগ্রিম নোটিশ অথবা ০৩(তিন) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রদান সাপেক্ষে এ নিয়োগ টারমিনেশন/চাকুরিচ্যুত/চাকরির অবসান করার ক্ষমতা নেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করে। উল্লেখ্য, বার্ষিক লক্ষমাত্রা অর্জনের ব্যর্থতা কিংবা দুর্নীতিগ্রস্ত হওয়া কিংবা দায়িত্ব অবহেলা কিংবা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রেও কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই টারমিনেশন/ চাকুরিচ্যুতি/ চুক্তি নবায়ন না করা/চাকরির অবসান করা যাবে।
৪.	স্বেচ্ছায় পদত্যাগ	:	০৩ (তিন) মাসের নোটিশ অথবা ০৩(তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করা যাবে।
৫.	চাকুরির সুবিধাদি পরিবর্তন/পরিমার্জন	:	নেসকো'র পরিচালনা পর্ষদ কোম্পানি আইন অথবা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগপত্রে উল্লিখিত চাকরির শর্তাবলি ও সুবিধাদি পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।
৬.	শারীরিক যোগ্যতার সনদ	:	যোগদান পত্রের সাথে সরকারি মেডিক্যাল কলেজ এর সহকারি অধ্যাপক অথবা সিভিল সার্জন অফিস কর্তৃক আপনার শারীরিক যোগ্যতার বিষয়ে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৭.	ছবি ও সনদপত্র দাখিল	:	যোগদানের সময় আপনার দুই কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র সত্যায়িত কপি দাখিল করতে হবে।
৮.	ছাড়পত্র	:	সরকারি/ আধাসরকারি/স্বায়ত্ত্ব শাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীগণকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
৯.	সম্মতি স্বাক্ষর	:	বর্ণিতশর্ত এবং নেসকোর চাকরি বিধি, সংশ্লিষ্ট বিধিমালা/নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত আদেশ সমূহ মেনে চলার সম্মতি হিসেবে এ নিয়োগপত্রের একটি কপিতে স্বাক্ষর করতে হবে।
১০.	সার্টিফিকেটের তথ্য	:	পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট , মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের সন্তান সম্পর্কিত তথ্যে, সার্টিফিকেটের তথ্যে অমিল/ভুল/মিথ্যা পরিলক্ষিত হলে তাৎক্ষণিক ভাবে সংশ্লিষ্ট প্রার্থীর ক্ষেত্রে এই নিয়োগ আদেশ বাতিল করা হবে।
১১.	দৈনিক/ভ্রমণ ভাতা	:	পদস্থিত দপ্তরে যোগদানের জন্য কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা দেওয়া হবে না।

এমতাবস্থায়, উপযুক্ত শর্তে সম্মত থাকলে আপনাদেরকে আগামী ২০/০১/২০১৯ইং তারিখের মধ্যে সম্মতিপত্রে স্বাক্ষর পূর্বক নিম্ন স্বাক্ষরকারী বরাবর ইমেইল/পত্রের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সম্মতিপত্রে স্বাক্ষরের হার্ড কপিসহ আপনাকে আগামী ১০/০২/২০১৯ইং তারিখের পূর্বে হেতেম খাঁ, বিদ্যুৎ ভবন, রাজশাহী-তে যোগদানের জন্য নির্দেশ করা হলো।

আপনার বিশ্বস্ত



এ বি এম ইমতিয়াজ উদ্দিন আহমেদ

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

ইমেইল: abmimtiazi357@gmail.com

(প্রার্থী কর্তৃক নিয়োগের শর্তাবলিতে সম্মতি স্বাক্ষর)

নাম:

পিতার নাম:

রোল নম্বর: